

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

মেদিনীপুর-৭২১১০১

মেমো নং : ০৬/ডি.পি.গ্রহ.বি/১৫

তারিখ: ০১.০৬.২০১৫

এক বছরের চুক্তির ভিত্তিতে পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের জনস্বাস্থ্য শাখায় একজন সাপোর্ট স্টাফ (অফিস ব্যবস্থাপনা) নিয়োগ করা হবে।

উপরি লিখিত পদের জন্য উপযুক্ত ব্যক্তির কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন করতে হবে সাদা কগজে নির্দিষ্ট বয়ানে এবং সঙ্গে দিতে হবে সমস্ত যোগ্যতার প্রত্যয়িত নকল। যেমন শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী বাসস্থানের প্রমাণ (ভোটার কার্ড/রেশন কার্ড), বয়সের প্রমাণপত্র, অভিজ্ঞতার প্রমাণপত্র, কম্পিউটারজ্ঞানের প্রমাণপত্র এবং পাসপোর্ট সাইজ রঙিন ফোটো।

দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৩/০৬/২০১৫ বৈকাল ৪ টা।


ক্রমিক সংখ্যা	পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা	সর্বোচ্চ বয়স সীমা	সাম্মানিক
১	সাপোর্ট স্টাফ(অফিস ব্যবস্থাপনা)	১	১) যেকোনো স্বীকৃত কাউন্সিলের অধীনে ৪৫% নম্বরসহ উচ্চ মাধ্যমিক পাশ হতে হবে। ২) যেকোনো অসরকারি বা সরকারি সংস্থায় জনস্বাস্থ্যের কাজে এক বছরের অভিজ্ঞতা থাকা চাই। ৩) কম্পিউটার চালানোর দক্ষতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।	৩১শে মার্চ ২০১৫ পর্যন্ত ৩৫ বছর	৮০০০ টাকা প্রতি মাসে।

এই পদে নিয়োগের নিয়মবিধি

১) দরখাস্ত খামে ভরে মুখবন্ধ করে খামের উপরে অবশ্যই পদের নাম লিখবেন অন্যথায় দরখাস্ত বাতিল বলে গন্য হবে। নির্বাচক মন্ডলির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। দরখাস্ত অবশ্যই স্পিডপোস্ট বা রেজিস্টার পোস্টে পাঠাতে হবে, হাতে হাতে কোনো দরখাস্ত নেওয়া হবে না। ২৩/০৬/২০১৫ বৈকাল ৪ টার পর কোনো দরখাস্ত গ্রহন করা হবে না। দরখাস্ত পাঠাতে হবে এই ঠিকানায়-সচিব, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ, পো:-মেদিনীপুর, জেলা-পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১১০১।

২) আবেদনকারীকে অবশ্যই পশ্চিম মেদিনীপুরের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্কুটিনির পর নির্বাচিত আবেদনকারীকে লিখিত পরীক্ষা দিতে হবে। পরবর্তী কালে উত্তীর্ণ পরীক্ষার্থীদের নম্বরের ভিত্তিতে কম্পিউটার পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়া হবে।

৩) প্রাথমিক ভাবে ১ বছরের সাময়িক চুক্তির ভিত্তিতে নিয়োগ হবে। চুক্তির মেয়াদবৃদ্ধি রাজ্য জনস্বাস্থ্য শাখার ইচ্ছাধীন। চুক্তির নিদর্শ রাজ্য জনস্বাস্থ্য শাখা প্রাদান করবে। চুক্তির সময় সীমার বাইরে ঐ পদে কর্মরত থাকার দাবী গ্রাহ্য হবে না। একমাসের বিজ্ঞপ্তির ভিত্তিতে কোনো কারন না দেখিয়ে যেকোনও সময় কর্তৃপক্ষ চুক্তি বাতিল করতে পারে। একই ভাবে নিযুক্ত কর্মীরও এক মাসের বিজ্ঞপ্তিতে চুক্তি বাতিল করার অধিকার থাকবে।


সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।

পদের নাম :

পাসপোর্ট সাইজ
রঙিন ছবি
আবেদনকারীর
স্বাক্ষরসহ

১. আবেদন কারীর নাম :

২. বাবার নাম :

৩. যোগাযোগের ঠিকানা :

৪. স্থায়ী বাসস্থানের ঠিকানা :

৫. মোবাইল নম্বর :

৬. জন্ম তারিখ :

৭. বয়স ৩১.০৩.২০১৫ পর্যন্ত :

৮. লিঙ্গ :

যোগ্যতা/পাশ	বোর্ড/কাউন্সিল/ইউনিভার্সিটি	সাল/বছর	মোট নম্বর	প্রাপ্ত নম্বর	শতকরা হার

৯. শিক্ষাগত যোগ্যতা :

১০. কাজ করার অভিজ্ঞতা :

১১. অতিরিক্ত যোগ্যতা :
(কম্পিউটার বা অন্যান্য)

স্বীকারোক্তি : আমি স্বীকার করছি যে উপরিলিখিত সমস্ত তথ্য সত্য এবং সঠিক, যদি কোনো ভুল তথ্য দিই সেক্ষেত্রে আমার আবেদনপত্রটি বাতিল হলে তারজন্য আমিই দায়ী থাকব।

তারিখ :

আবেদন কারীর স্বাক্ষর